

RABINDRA BHARATI UNIVERSITY
VOCAL MUSIC DEPARTMENT

COURSE - B.A. (Compulsory Course) (CBCS) 2020

Semester - II , Paper - I

Teacher - Sri Partha Pratim Bhowmik

History of Western Music

1) Short life sketches.

c) Wolfgang Amedeus Mozart

পাশ্চাত্য সংগীতের ইতিহাসে , অস্ট্রিয়ান সংগীত রচয়িতা Wolfgang Amedeus Mozart -এর পরিচিতি , একজন অন্যতম শ্রেষ্ঠ সংগীতকাররূপে। পাশ্চাত্যের ইতিহাসে, তার মতো এমন একজন সংগীতরচয়িতা বিরল , যিনি সংগীতের প্রতিটি বিভাগেই অনন্যতার নজির রেখেছেন। তাঁর বিস্ময়কর প্রতিভা তাঁকে সর্বকালের শ্রেষ্ঠ সংগীতরচয়িতাদের অন্যতমরূপে প্রতিষ্ঠিত করেছে।

Amedeus Mozart -এর জন্ম হয়েছিল ১৭৫৬ খ্রিষ্টাব্দের ২৯শে জানুয়ারি, অস্ট্রিয়ার একটি ছোট্ট শহরে, স্যালসবুর্গ- এ। তার পিতা, Leopold ছিলেন একজন সুপরিচিত বেহালাবাদক, সংগীতরচয়িতাও ছিলেন। শৈশবেই Amedeus-এর প্রতিভার স্ফূরণ দেখা গিয়েছিল। মাত্র ছয় বৎসর বয়সেই তিনি বেহালা বাজাতে পারতেন, শুধু তাই নয় ফিউগে ও মিনুয়েট রচনা করতেন পারতেন। কিশোর Amedeus ও তার বোন Maria -কে নিয়ে তাদের পিতা ইউরোপ ভ্রমণে গেলেন। বিভিন্ন শহরে তারা হার্প-সি-কর্ড-বাদক, পিয়ানো-বাদক, বেহালা-বাদক এবং অর্গান-বাদকরূপে বহু সমবেত অনুষ্ঠান

করলেন; বিপুল অর্থ-উপার্জন করলেন। সে সময়েই প্যারিস-এ Amedeus-এর রচিত সংগীতের প্রথম প্রকাশ ঘটল; সেটি ছিল একটি sonata, keyboard ও violin-এর জন্য রচিত।

লন্ডনে যখন Amedeus-এর বয়স মাত্র ১১ বৎসর, তিনি রচনা করলেন তার জীবনের প্রথম symphony। ১৭৬৯ খ্রীষ্টাব্দে, ভিয়েনাতে, জার্মান ভাষাতে তিনি একটি music drama রচনা করলেন। ১৭৭০ খ্রীষ্টাব্দে, মিলান-এ, তাঁর নতুন অপেরা "Mithradates, King of Pontus" মঞ্চস্থ হোল এবং অসামান্য সফলতা এল। ১৭৭২ খ্রীষ্টাব্দে স্যালসবুর্গ- এ ফিরে আবার গেলেন ইটালিতে এবং সেখানে রচনা করলেন আটটি symphony, অসংখ্য ভক্তিগীতি এবং একটি serenata, অর্থাৎ বিনোদনীয় নাট্যগীতি।

১৮৭৩ খ্রীষ্টাব্দে, তিনি আবার স্যালসবুর্গ- এ ফিরে এলেন। ইটালি ভ্রমণকালে রচিত যন্ত্রসঙ্গীতগুলির মধ্যে কয়েকটি যেমন ইটালিয়ান স্টাইলে রচিত, তেমনি আবার কয়েকটির মধ্যে Amedeus ব্যবহার করলেন নতুন ধরনের বাদ্যরীতি, নতুন ধরনের ঐক্যতান-বাদনরীতি (orchestra) এবং scale, এছাড়াও তার রচিত যন্ত্রসঙ্গীতের মধ্যে ছিল অসংখ্য string quartet এবং divertimento।

১৭৭৩ খ্রীষ্টাব্দেই Amedeus কে তাঁর পিতা নিয়ে গেলেন ভিয়েনাতে, যেখানে তিনি মঞ্চস্থ করলেন একগুচ্ছ string quartet এবং তারপর স্যালসবুর্গ- এ ফিরে Amedeus রচনা করলেন কয়েকটি symphony। ১৭৭৪ খ্রীষ্টাব্দে, তিনি রচনা করলেন অসংখ্য symphony, concerto, sernade এবং বেশ কিছু ভক্তিগীতি। সেই বছরে মিউনিখ শহরের বাৎসরিক উৎসব উপলক্ষে একটি opera buffa রচনার জন্য Amedeus চুক্তিবদ্ধ হলেন এবং তাঁর রচিত opera buffa বিপুল জনপ্রিয় হোল।

১৭৭৭ খ্রীষ্টাব্দে, মানহীম্ শহরে থাকাকালীন সময়ে Amedeus রচনা করলেন বেশকিছু পিয়ানো সোনাটা এবং কয়েকটি piano-violin-sonata। ১৭৭৮ খ্রীষ্টাব্দে Amedeus তাঁর মায়ের সাথে পৌঁছলেন প্যারিসে। সেখানে

Amedeus নতুন symphony রচনায় হাত দিলেন। এই symphony-র প্রথম মঞ্চায়নের দিন Amedeus-এর মা অকস্মাৎ অসুস্থ হয়ে পড়লেন এবং মারা যান। সেই সময়ে তাঁর পিতা স্যালসবুর্গ- এ একটি চার্চে তাঁর জন্য একটি ভালো চাকরির ব্যবস্থা করলেন। অত্যন্ত অনিচ্ছুক ভাবে তিনি ঐ চার্চে concert master পদে যোগ দিলেন। এ ঘটনা ১৭৮০ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসের। স্যালসবুর্গ- এ ফিরে এসে তিনি রচনা করলেন দুটি piano concerto, ২টি piano sonata এবং প্রচুর ভক্তিগীতি। এছাড়াও তাঁর রচিত mass গুলির মধ্যে সর্বাধিক জনপ্রিয় coronation mass এখানেই রচনা করেছিলেন তিনি।

১৭৮১ খ্রীষ্টাব্দে, ভিয়েনাতে থাকাকালীন সময়ে Constanze Weber নামক একজন মহিলাকে Amedeus বিবাহ করেন। ১৭৮২ খ্রীষ্টাব্দে তাঁর নতুন opera Burg theatre মঞ্চে মঞ্চস্থ হোল এবং বিপুল জনপ্রিয়তা অর্জন করল। এরপর তিনি বেশকিছু piano concerto, string quartet, mass প্রভৃতি রচনায় হাত দিলেন। এই সঙ্গীত সমূহ প্রকাশিত হয়েছিল ১৭৮৫ খ্রীষ্টাব্দে। ১৭৮৬ খ্রীষ্টাব্দে Amedeus রচনা করলেন ২টি opera - 'The Marriage of Figuro' এবং 'Don Giovanni'। এই opera দুটি উষ্ণ অভ্যর্থনায় সাদরে গৃহীত হোল। এদের জনপ্রিয়তা ভিয়েনাতে ছাড়িয়ে প্রাগ শহর এবং বোহেমিয়া শহরেও পৌঁছে গেল।

১৭৯১ খ্রীষ্টাব্দে Amedeus একটি requiem রচনার জন্য প্রাগ শহরে চুক্তিবদ্ধ হলেন। কিন্তু অক্লান্ত পরিশ্রমে তিনি অসুস্থ হয়ে পড়লেন এবং সঙ্গীক ভিয়েনাতে ফিরে এলেন। ওই বছর নভেম্বর মাসে অসুস্থতার জন্য তিনি শয্যাশায়ী হলেন এবং ৫ই ডিসেম্বর তাঁর জীবনাবসান ঘটে। requiem টি তিনি শেষ করতে পারেননি। তাঁর মৃত্যুর পর তাঁর ছাত্র Sussmayr সেটি শেষ করেছিলেন।

**To be continued in the next set.

